# ২০১৯
# বাংলা - প্রথম ভাষা
## সময় – ৩ ঘণ্টা ১৫ মিনিট

প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং
বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য।
[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০
বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]

SC-2019 Booklet SL. No.

www.sciencetips.in

**১। সঠিক উত্তরটি নির্বাচন করো :** **১৭ × ১ = ১৭**

**১.১** তপনের মেসোমশাই কোন্ পত্রিকায় তপনের লেখা ছাপানোর কথা বলেছিলেন?

(ক) ধ্রুবতারা
(খ) শুকতারা
(গ) সন্ধ্যাতারা
(ঘ) রংমশাল

**১.২** ”নদের চাঁদকে পিষিয়া দিয়া চলিয়া গেল”—

(ক) ৭ নং ডাউন প্যাসেঞ্জার
(খ) ৫ নং ডাউন প্যাসেঞ্জার
(গ) ৭ নং আপ প্যাসেঞ্জার
(ঘ) ৫ নং আপ প্যাসেঞ্জার

**১.৩** অপূর্বর পিতার বন্ধু হলেন-

(ক) জগদীশবাবু
(খ) রামদাস
(গ) নিমাইবাবু
(ঘ) গিরীশ মহাপাত্র

**১.৪** ”যেখানে ছিল শহর/সেখানে ছড়িয়ে রইল”-কী ছড়িয়ে রইল?

(ক) পায়ের দাগ
(খ) কাঠকয়লা
(গ) গোলাপি গাছ
(ঘ) প্রাচীন জলতরঙ্গ

**১.৫** আদিম যুগে স্রষ্টার কার প্রতি অসন্তোষ ছিল?

(ক) দয়াময় দেবতার প্রতি
(খ) কবির সংগীতের প্রতি
(গ) নিজের প্রতি
(ঘ) ধরিত্রীর প্রতি

**১.৬** কোন্টি জয় গোস্বামীর লেখা কাব্যগ্রন্থ?

(ক) বাবরের প্রার্থনা
(খ) অগ্নিবীণা
(গ) রূপসী বাংলা
(ঘ) পাতার পোষাক

**১.৭** রাজশেখর বসুর ছদ্মনাম-

(ক) বনফুল
(খ) শ্রীপান্থ
(গ) পরশুরাম
(ঘ) রূপদর্শী

**১.৮** "বাংলা বৈজ্ঞানিক প্রবন্ধাদিতে আর একটি দোষ" প্রসঙ্গে প্রাবন্ধিক কোন্ প্রবাদের উল্লেখ করে-ছেন?

(ক) অরণ্যে রোদন
(খ) অল্পবিদ্যা ভয়ংকরী
(গ) হাতের পাঁচ
(ঘ) হ-য-ব-র-ল

**১.৯** চিনারা চিরকালই লেখার জন্য ব্যবহার করে আসছে-

(ক) তুলি
(খ) ব্রোঞ্জের শলাকা
(গ) হাড়
(ঘ) খাগ

**১.১০** ক্রিয়াপদের সঙ্গে নামপদের সম্পর্ককে বলে-

(ক) সমাস
(খ) কারক
(গ) প্রত্যয়
(ঘ) বিভক্তি

www.sciencetips.in

**১.১১** 'কথটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল'-নিম্নরেখ পদটি-

(ক) সম্বোধন পদ
(খ) কর্তৃকারক
(গ) সম্বন্ধ পদ
(ঘ) নিমিত্তকারক

**১.১২** যে সমাসে সমস্যমান পদ দুটির উভয় পদই বিশেষ্য ও পরপদের অর্থ প্রাধান্য পায়, তাকে বলে-

(ক) তৎপুরুষ সমাস
(খ) কর্মধারয় সমাস
(গ) দ্বন্দ্ব সমাস
(ঘ) অব্যয়ীভাব সমাস

**১.১৩** কৃত্তিবাস রামায়ণ রচনা করেন-নিম্নরেখ পদটি কোন্ সমাসের উদাহরণ?

(ক) কর্মধারয় সমাস
(খ) তৎপুরুষ সমাস
(গ) বহুব্রীহি সমাস
(ঘ) দ্বন্দ্ব সমাস

**১.১৪** 'আমাদের মধ্যে যারা ওস্তাদ তারা ওই কালো জলে হরতকী ঘষত।' বাক্যটি কোন্ শ্রেণীর?

(ক) সরল বাক্য
(খ) জটিল বাক্য
(গ) যৌগিক বাক্য
(ঘ) মিশ্র বাক্য

**১.১৫** বেড়ালের গলায় ঘন্টা বাঁধবে কে-অর্থগত দিক থেকে এটি-

(ক) না-সূচক বাক্য
(খ) সন্দেহবাচক বাক্য
(গ) প্রশ্নবাচক বাক্য
(ঘ) প্রার্থনাসূচক বাক্য

**১.১৬** ক্রিয়ার অর্থ প্রাধান্য পায়-

(ক) কর্তৃবাচ্যে
(খ) ভাববাচ্যে
(গ) কর্মবাচ্যে
(ঘ) কর্ম-কর্তৃবাচ্যে

www.sciencetips.in

**১.১৭** তাকে টিকিট কিনতে হয়নি-বাক্যটির কর্তৃবাচ্যের রূপ হল-

(ক) তার টিকিট কেনা হয়নি
(খ) তিনি টিকিট কেনেননি
(গ) তাঁর দ্বারা টিকিট ক্রীত হয়নি
(ঘ) তিনি বিনা টিকিটে চলেছেন

**২। কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও :** **১৯ × ১ = ১৯**

**২.১** যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : **৪ × ১ = ৪**

**২.১.১** 'অদল-বদলের গল্প' গ্রাম প্রধানের কানে গেলে তিনি কী ঘোষণা করেছিলেন?

**২.১.২** "সপ্তাহে বড়োজোর একটা দিন বহুরূপী সেজে পথে বের হন হরিদা"-'বহুরূপী' কাকে বলে?

**২.১.৩** ভামো যাত্রায় ট্রেনে অপূর্বের কে কে সঙ্গী হয়েছিল?

**২.১.৪** "সূচিপত্রেও নাম রয়েছে"-সূচীপত্রে কী লেখা ছিল?

**২.১.৫** মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম কী?

**২.২** যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : **৪ × ১ = ৪**

**২.২.১** "ছড়ানো রয়েছে কাছে দূরে!"-কী ছড়ানো রয়েছে?

**২.২.২** "ছদ্মবেশী অম্বুরাশি-সুতা" কেন ইন্দ্রজিতের কাছে এসেছিলেন?

**২.২.৩** "সখী সবে আজ্ঞা দিল"-বক্তা তার সখীদের কী আজ্ঞা দিয়েছিলেন?

**২.২.৪** 'অসুখী একজন' কবিতাটি কে বাংলায় তরজমা করেছেন?

**২.২.৫** "প্রলয় বয়েও আসছে হেসে"–'প্রলয়' বহন করেও হাসির কারণ কী?

**২.৩** যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : **৩ × ১ = ৩**

**২.৩.১** "সোনার দোয়াত কলম যে সত্যই হতো" তা লেখক কীভাবে জেনেছিলেন?

**২.৩.২** দোকানদার লেখককে কলম বিক্রি করার আগে কী জাদু দেখিয়েছিলেন?

**২.৩.৩** ছেলেবেলায় রাজশেখর বসু কার লেখা জ্যামিতি বই পড়তেন?

**২.৩.৪** কলিকাতা বিশ্ববিদ্যালয় কবে পরিভাষ সমিতি নিযুক্ত করেছিলেন?

**২.৪** যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : **৮ × ১ = ৮**

**২.৪.১** বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য লেখো।

www.sciencetips.in

**২.৪.২** 'মন্দিরে বাজছিল পূজার ঘণ্টা'-নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

**২.৪.৩** ব্যাসবাক্যসহ একটি দ্বন্দ্বসমাসের উদাহরণ দাও।

**২.৪.৪** 'মেঘে ঢাকা' শব্দটির ব্যাসবাক্যসহ সমাসের নাম উল্লেখ করো।

**২.৪.৫** বিধেয় প্রসারকের একটি উদাহরণ দাও।

**২.৪.৬** 'ঠিক ইসাবের মতো জামাটি না পেলে ও স্কুলে যাবে না।'- যৌগিক বাক্যে পরিবর্তন করো।

**২.৪.৭** কর্তৃবাচ্য কাকে বলে?

**২.৪.৮** 'তারা আর স্বপ্ন দেখতে পারল না।'- ভাববাচ্যে পরিবর্তন করো।

**২.৪.৯** অলোপ সমাস কী?

**২.৪.১০** সে তখন যেতে পারবে না-হাঁ-বাচক বাক্যে পরিবর্তন করো।

**৩। প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও : ৩ + ৩ = ৬**

**৩.১** যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **১ × ৩ = ৩**

**৩.১.১** "যে ভয়ংকর আহ্লাদটা হবার কথা, সে আহ্লাদ খুঁজে পায় না।'-
'আহ্লাদ' হবার কথা ছিল কেন? 'আহ্লাদ খুঁজে' না পাওয়ার কারণ কী? **১ + ২**

**৩.১.২** "নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে।"-
কার কথা বলা হয়েছে? তার 'পাগলামিটি' কী? **১ + ২**

**৩.২** যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : **১ × ৩ = ৩**

**৩.২.১** "অতি মনোহর দেশ"-
এই 'মনোহর দেশে'র সৌন্দর্যের পরিচয় দাও। **৩**

**৩.২.২** "অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো"-
কবি কোথায় অস্ত্র রাখতে বলেছেন? তাঁর একথা বলার কারণ কী? **১ + ২**

**৪। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫**

**৪.১** 'নদীর বিদ্রোহ' গল্প অবলম্বনে নদীর প্রতি নদের চাঁদের অকৃত্রিম ভালোবাসার পরিচয় দাও। **৫**

**৪.২** "অদৃষ্ট কখনও হরিদার এই ভুল ক্ষমা করবে না।"— হরিদা কী ভুল করেছিলেন? অদৃষ্ট ক্ষমা না করার পরিণাম কী? **৩ + ২**

**৫। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫**



www.sciencetips.in

**৫.১** "চিরচিহ্ন দিয়ে গেল তোমার অপমানিত ইতিহাসে।"— 'তোমার' বলতে কার কথা বলা হয়েছে? তার 'অপমানিত ইতিহাসের' সংক্ষিপ্ত পরিচয় দাও। **১ + ৪**

**৫.২** "অস্ত্রের বিরুদ্ধে গান" কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো। **৫**

**৬। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫**

**৬.১** "আমরা কালিও তৈরি করতাম নিজেরাই।"— কারা কালি তৈরি করতেন? তাঁরা কীভাবে কালি তৈরি করতেন? **১ + ৪**

**৬.২** "পাশ্চাত্য দেশের তুলনায় এদেশের জনসাধারণের বৈজ্ঞানিক জ্ঞান নগণ্য।"— লেখকের এমন মন্তব্যের কারণ কী? **৫**

**৭। কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪**

**৭.১** "বাংলার এই দুর্দিনে আমাকে ত্যাগ করবেন না।"— কাদের উদ্দেশ্যে এ কথা বলা হয়েছে? কোন্ দুর্দিনের জন্য তাঁর এই আবেদন? **১ + ৩**

**৭.২** "ওখানে কী দেখচ মূর্খ, বিবেকের দিকে চেয়ে দ্যাখো!"— বক্তা কে? উদ্দিষ্ট ব্যক্তির প্রতি বক্তার কী মনোভাব লক্ষ্য করা যায়? **১ + ৩**

**৮। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ২ = ১০**

**৮.১** "আপনি আমার থেকে চার হাজার গুণ বড়োলোক, কিন্তু চার লক্ষ টাকা খরচ করেও আপনি নিজে শরীরটাকে চাকর বানাতে পারবেন না।"— বক্তা কাকে, কেন একথা বলেছিলেন? **২ + ৩**

**৮.২** "এটা বুকের মধ্যে পুষে রাখুক।"— কী পুষে রাখার কথা বলা হয়েছে? কী কারণে এই পুষে রাখা? **২ + ৩**

**৮.৩** 'কোনি' উপন্যাসের কাহিনি অবলম্বনে স্বামীর যোগ্য সহধর্মিণী রূপে লীলাবতীর পরিচয় দাও। **৫**

**৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো : ৪**

One day a fox was going beside the vine yard. He saw the ripe grapes hanging from a vine. He jumped but did not reach it. Because they were beyond his reach.

**১০। কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ১ = ৫**

**১০.১** বৃক্ষরোপণ-উপযোগিতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো।



www.sciencetips.in

**১০.২** বিদ্যালয়ের একটি সাংস্কৃতিক অনুষ্ঠান বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

**১১। কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ১০**

**১১.১** বিজ্ঞান ও কুসংস্কার

**১১.২** তোমার প্রিয় ঋতু

**১১.৩** ছুটির দিন

**১১.৪** বিশ্ব-উন্নায়ন

**[ কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য ]**

**১২। কম-বেশি ২০টি শব্দের মধ্যে উত্তর দাও (যে-কোনো চারটি) : ১ × ৪ = ৪**

**১২.১** "রত্নের মূল্য জহুরির কাছেই।"— কোন্ রত্নের কথা বলা হয়েছে?

**১২.২** গিরীশ মহাপাত্রের পকেট থেকে কী কী পাওয়া গিয়েছিল?

**১২.৩** নদের চাঁদের দেশের নদীটি কেমন ছিল?

**১২.৪** "এল মানুষ-ধরার দল"— কীসের জন্য 'মানুষ-ধরার দল' এলো?

**১২.৫** "আসবে ঊষা অরুণ হেসে"— 'ঊষা' কখন আসবে?

**১৩। কম-বেশি ৬০টি শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৩ × ২ = ৬**

**১৩.১** "ইসাবের মেজাজ চড়ে গেল"— ইসাবের মেজাজ চড়ে গিয়েছিল কেন? এরপর সে কী করেছিল? **২ + ১**

**১৩.২** "কৈ এ ঘটনা তো আমাকে বলেননি?"— প্রশ্নটি কার? 'ঘটনা'টি কী ছিল? **১ + ২**

**১৩.৩** "ছিঁড়িল কুসুমদাম রোষে মহাবলী মেঘনাদ"— 'মহাবলী মেঘনাদ' কী কারণে 'কুসুমদাম' ছিঁড়লেন তা' বুঝিয়ে দাও। **৩**

* * *

www.sciencetips.in